# ২০১৮
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

প্রথম পত্র (BNGH/CC-T-I)

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) বড়ু চণ্ডীদাসের সমসাময়িক কবির নাম কী, যিনি মিথিলায় বসবাস করতেন?

খ) চর্যাপদে কোন্ কবি সবচেয়ে বেশি পদ লিখেছিলেন?

গ) 'বাপ ভগীরথ মোর মাতা ইন্দুমতী।
যাহার পুণ্যে হইল মোর কৃষ্ণচন্দ্রে মতি।।'
— এই পংক্তিতে কোন্ কবি তাঁর নিজের পরিচয় দিয়েছেন?

ঘ) বলরাম দাস দুটি ভাষায় গৌরাঙ্গ ও রাধাকৃষ্ণ বিষয়ক পদ লিখেছেন— ভাষা দুটির নাম লেখো।

(পরের পাতায়)

ঙ) বৃন্দাবন দাস আনুমানিক কত সালে নবদ্বীপে জন্মগ্রহণ করেছিলেন?

চ) কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর লেখা 'অভয়ামঙ্গল' কাব্যটি বর্তমানে কোন্ নামে পরিচিত?

ছ) রায়গুণাকর ভারতচন্দ্রের জন্মসাল ও মৃত্যুসাল লেখো।

জ) কবি রামেশ্বর ভট্টাচার্যের লেখা দু'টি গ্রন্থের নাম কী কী?

ঝ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের মতো প্রণয়ধর্মী উপাখ্যান কোন্ মুসলিম কবি বাংলা ভাষায় প্রথম লিখেছিলেন? তাঁর কাব্যের নাম কী?

ঞ) শাক্ত পদাবলীর দু'টি শাখার নাম লেখো। উভয় শাখার শ্রেষ্ঠ কবির নাম কী কী?

ট) প্রাচীন ভারতীয় আর্যভাষায় যুক্ত ব্যঞ্জনবর্ণের নামগুলি লেখো।

ঠ) চৌষট্টি প্রকার লিপির কথা বলা হয়েছে কোন্ গ্রন্থে?

ড) বাংলা মৌলিক স্বরধ্বনির মধ্যে অর্ধবিবৃত স্বরধ্বনি কী কী?

ঢ) প্রাচীন ভারতীয় আর্যের কথ্য রূপ 'তুম্মে' থেকে বিবর্তিত হয়ে আধুনিক বাংলায় কোন্ শব্দ এসেছে?

ণ) বাগযন্ত্রের দুটি অংশ 'আলজিহ্বা' ও 'উপজিহ্বা'-এর ইংরেজি নাম কী কী?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) চর্যাপদের সমাজচিত্র সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব বুঝিয়ে দাও।

গ) ধর্মমঙ্গল কাব্য রচনায় ঘনরাম চক্রবর্তীর সার্থকতা বিচার করো।

ঘ) শাক্ত পদ রচনায় কবি কমলাকান্ত ভট্টাচার্যের অবদান বুঝিয়ে দাও।

ঙ) সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী কি না আলোচনা করো।

চ) সাম্প্রতিক কালের বাংলা ভাষার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মনসামঙ্গল কাব্য রচনায় কবি নারায়ণদেব ও বিজয়গুপ্তের মধ্যে একটা তুলনামূলক আলোচনা করো।

খ) অনুবাদ সাহিত্য উদ্ভবের কারণগুলি সংক্ষেপে লিখে রামায়ণ রচনায় কবি কৃত্তিবাসের মৌলিকতাগুলি লিপিবদ্ধ করো।

গ) ভাষার সংজ্ঞাসহ বৈশিষ্ট্যাবলী সংক্ষেপে লিখে দেখাও মানুষ কথা বললে ভাষা হয় কিন্তু পশুপাখির ডাক বা আর্তনাদ ভাষা নয়।

ঘ) বাংলা সমাজ ও সাহিত্যে তুর্কি আক্রমণের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবগুলি লেখো।

---